

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
( জেলা পরিষদ শাখা)


নং -৪৬.০৪২.০২২.০২.০০.১৬২.২০১১. ৬২৫২

তারিখঃ ০২/১০/২০১১ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের মাধ্যমে উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য এডিপি বরাদ্দকৃত অর্থে প্রচলিত নিয়ম নীতি অনুসরণ করে জেলা পরিষদসমূহ প্রকল্প গ্রহণ করে থাকে। স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী ১ম কিস্তির অর্থ বরাদ্দের পর সম্ভাব্য ৪ কিস্তি হিসাব করে বছরের প্রারম্ভে প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে। ফলে পরবর্তিতে মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিশ্রুত কোন প্রকল্প গ্রহণের জন্য অর্থ বরাদ্দ দেয়া সম্ভবপর হয়না।

০২। এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় মন্ত্রী ও মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য এডিপি থেকে বরাদ্দকৃত অর্থের ১০% সংরক্ষিত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
০২/১০/১১  
(জুবাইদা নাসরীন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৬৯২৭৪

প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব

জেলা পরিষদ, .....(সকল)।

অনুলিপি :

- ১। মাননীয় সংসদ সদস্য-----।
- ২। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
- ৩। উপজেলা চেয়ারম্যান,-----উপজেলা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।